# বাংলাদেশ ব্যাংক প্রেস বিজ্ঞপ্তি
**BANGLADESH BANK PRESS RELEASE**

বার্তা সম্পাদক
.................................
ঢাকা। ক্রমিক নং- ০১৫/২০১২

তারিখঃ ১২ জানুয়ারী, ২০১২ইং।

**সংশোধিত**

## Forex trading/dealing এর মাধ্যমে মুনাফার প্রলোভনে বৈদেশিক মুদ্রার বেআইনী ক্রয় বিক্রয় থেকে বিরত থাকুন।

ইন্টারনেটে online forex trading/dealing থেকে বড় মাত্রায় লাভের প্রলোভন দেখানো প্রশিক্ষণ কোর্সে ভর্তির আকর্ষণের লক্ষ্যে বেশ কিছু বেআইনী বিজ্ঞাপণ বাংলাদেশ ব্যাংকের দৃষ্টিগোচর হয়েছে। তথ্য প্রযুক্তি বিষয়ক ম্যাগাজিনসহ বিভিন্ন সংবাদ মাধ্যমে ইদানিং এ ধরণের বিজ্ঞাপণ প্রকাশ করা হচ্ছে। এসব বিজ্ঞাপণে বিদেশী মুদ্রার ব্যবসার লক্ষ্যে ডেবিট কার্ডে currency load এর ব্যবস্থার আশ্বাসও দেয়া হচ্ছে। বৈদেশিক মুদ্রার বিনিময় হারের দৈনন্দিন ওঠানামার সুযোগ নিয়ে বাড়তি মুনাফা অর্জনের মতো ঝুঁকি নেবার আহ্বানও এ বিজ্ঞাপণে লক্ষ্য করা যাচ্ছে। বাংলাদেশ ব্যাংক থেকে বৈদেশিক মুদ্রায় লেনদেনের জন্য অনুমোদিত লাইসেন্স প্রাপ্ত ডিলার/মনিচেঞ্জার ছাড়া অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠান এর মাধ্যমে বৈদেশিক মুদ্রার ক্রয়-বিক্রয় করা যায় না। Foreign Exchange Regulation Act. 1947 এর আওতায় ঐসব ব্যক্তি বা প্রতিষ্ঠানের এসব ট্রেডিং/ডিলিং পুরোপুরি বেআইনী এবং দন্ডযোগ্য অপরাধ।

এ ধরণের বেআইনী কার্যক্রমের বিজ্ঞাপণে লোভের বশবর্তী হয়ে আকৃষ্ট না হবার জন্য জনসাধারণকে সতর্ক করা যাচ্ছে। বিজ্ঞাপণদাতাদের বিরুদ্ধেও একই সঙ্গে যথাযথ ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ নেয়া হচ্ছে।

ধন্যবাদান্তে,
এ,এফ,এম,আসাদুজ্জামান
মহাব্যবস্থাপক, গভর্নর সচিবালয়
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা।
ফোনঃ ৯৫৬৬২০৯ / ০১৭১১৫৬৪৬৮০
ই-মেইল- afm.asad@bb.org.bd
afm.asad@gmail.com